দৈনিক

18 MAY 2017

# আশঙ্কাজনকভাবে কমেছে শিক্ষার মান : ড. মারুফ

**নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ●**
বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ড. খন্দকার মারুফ হোসেন বলেছেন, সরকারের কৃপাদৃষ্টিতে পাবলিক পরীক্ষায় শিক্ষার হার বেড়েছে ঠিকই, কিন্তু আশঙ্কাজনকভাবে কমেছে গুণগত মান। সরকারের ব্যর্থতা, দুঃশাসন ও নির্লজ্জ দলীয়করণে দেশের গণতন্ত্র এবং অর্থনীতির মতো শিক্ষা ব্যবস্থাও চরম হুমকির মুখে পড়েছে।

গতকাল কুমিল্লার ইলিয়টগঞ্জ ড. মোশাররফ ফাউন্ডেশন কলেজ মিলনায়তনে কানাডা বাংলাদেশ এডুকেশন ট্রাস্টের দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে বৃত্তি ও সনদ বিতরণ অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ৫ শিক্ষার্থীকে বৃত্তির ১০ হাজার করে টাকা ও সনদপত্র দেওয়া হয়। সংগঠনটি এখন থেকে প্রতিবছর এ কলেজের ৫ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করবে।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ..........
তারিখ ..........
সিস্টেম ম্যানেজার
সিনিয়র ...
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর